



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং-৪২৩/ক/অনু:/২০১৩/৩০

তারিখ : ৩৮/০২/২০২০

বিষয় : উচ্চমাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.২৯৫, তারিখ: ২০/১০/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে ঢাকা জেলার সাভার উপজেলাধীন “গাজিরচট এ.এম. উচ্চ বিদ্যালয় ও কলেজ” এ নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ ০১/০৭/২০২০ তারিখ হতে ৩০/০৬/২০২৩ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বছর মেয়াদে উচ্চমাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হলো।

শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

বিষয়সমূহ :

আবশ্যিক :

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক শাখা :

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। সমাজকর্ম
- ৩। ইসলাম শিক্ষা
- ৪। ইতিহাস

ব্যবসায় শিক্ষা শাখা :

- ১। হিসাববিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা
- ৪। অর্থনীতি

বিজ্ঞান:

- ১। পদার্থ বিজ্ঞান
- ২। রসায়ন বিজ্ঞান
- ৩। জীব বিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত

শর্তসমূহ:

- ০১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ০২। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না।
- ০৩। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ০৪। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং- শা: ৪/১০এম ৫০/৮৩/৫৬০ (১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ০৫। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ যথাযথ ভাবে অনুসরণ করতে হবে।

(অপর পাতায় দৃষ্টব্য.....২)

[Handwritten signature]

- ০৬। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ০৭। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে
- ০৮। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ০৯। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
- (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
- (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
- (গ) অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- ১০। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষর

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

গাজিরচট এ.এম. উচ্চ বিদ্যালয় ও কলেজ (EIIN-108416)

সাভার, ঢাকা।

মেমো নং- ৩০(৭)

তারিখ: ২৬/১১/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সভাপতি, গভর্নিং বডি, গাজিরচট এ.এম. উচ্চ বিদ্যালয় ও কলেজ, সাভার, ঢাকা।
- ৮। অফিস কপি।

স্বাক্ষর

২৬.১১.২০২০

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

স্বাক্ষর